# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অতিরিক্ত জেলা ও দায়রা জজ

## ১ম আদালত, সিরাজগঞ্জ ।

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- জেজ/সিরাজ/অতি:-১ম/নিয়োগ/২২২৬(খ)/২০২১

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

এ জজশিপের অধীন বিভিন্ন আদালতে নিম্নবর্ণিত শূন্য পদ সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও সার্কুলার অনুসরণপূর্বক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছেঃ-

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | নাজির | ৩(তিন)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান ।(কম্পিউটার চালনায় দক্ষতা বিশেষ যোগ্যতা হিসেবে গণ্য হইবে) |
| ২ | হিসাব রক্ষক | ৪(চার)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান ।(কম্পিউটার চালনায় দক্ষতা বিশেষ যোগ্যতা হিসেবে গণ্য হইবে) |
| ৩ | বেঞ্চ সহকারী | ৩(তিন)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান ।(কম্পিউটার চালনায় দক্ষতা বিশেষ যোগ্যতা হিসেবে গণ্য হইবে) |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৭(সাত)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান<br>(খ) ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ শব্দ কম্পিউটার টাইপ করার গতি সম্পন্ন । |
| ৫ | ক্যাশিয়ার | ১(এক)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান। [ব্যবসায় শিক্ষা (Business Studies) বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে] |
| ৬ | লাইব্রেরী সহকারী | ১(এক)টি | টাকা ৯৩০০-২২৪৯০ | (ক) এইচ.এস.সি বা সমমান । |
| ৭ | অফিস সহায়ক | ১০(দশ)টি | টাকা ৮২৫০-২০০১০ | (ক) অষ্টম শ্রেণী পাশ ।(ড্রাইভিং, ইলেক্ট্রিক্যাল ও অন্যান্য বিশেষায়িত কাজে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে । |
| ৮ | নৈশ প্রহরী | ১(এক)টি | টাকা ৮২৫০-২০০১০ | (ক) অষ্টম শ্রেণী পাশ । |

**শর্তাবলীঃ**

০১ । প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে **http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin1-2015-01.PDF** চাহিত তথ্যাদি যথা- পদের নাম, বিজ্ঞপ্তি নম্বর, তারিখ, প্রার্থীর নাম-বাংলায়, ইংরেজিতে (বড় অক্ষরে), জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর (যে কোন একটি), জন্ম তারিখ (দিন-মাস-বৎসর), জন্মস্থান (জেলা), বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স (বছর-মাস-দিন), মাতার নাম, পিতার নাম,স্বামীর নাম, ঠিকানা- বর্তমান ও স্থায়ী (বাসা ও সড়ক- নাম/নম্বর, গ্রাম/পাড়া/মহল্লা, ইউনিয়ন/ওয়ার্ড, ডাকঘর, পোস্টকোড নম্বর, উপজেলা, জেলা), যোগাযোগ (মোবাইল/টেলিফোন নম্বর/ই-মেইল যদি থাকে), জাতীয়তা, জেন্ডার, ধর্ম, পেশা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিষয়, শিক্ষা প্রতিষ্ঠান, পাসের সন, বোর্ড/ বিশ্ববিদ্যালয়, গ্রেড/শ্রেণী/বিভাগ), অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), কোটা (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম/শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, অন্যান্য), বিভাগীয় প্রার্থী কিনা (হ্যাঁ/না/প্রযোজ্য নয়) উল্লেখ পূর্বক "আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করিব। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইনানুগ শাস্তি ভোগ করিতে বাধ্য থাকিব" এই লিখিত হলফ নামাযুক্ত তারিখ ও প্রার্থীর স্বাক্ষরসহ নির্ধারিত আবেদন ফরম "সভাপতি", নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, সিরাজগঞ্জ বরাবর আবেদন করিতে হইবে। আবেদন ফরম ও প্রবেশপত্র **sirajganj.judiciary.org.bd** ওয়েব সাইট হইতে ডাউনলোড পূর্বক পূরণ করিয়া প্রেরণ করিতে হইবে।

০২ । আবেদনপত্র আগামী ৩০/১২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ০৫:০০ টা) ডাকযোগে অথবা সরাসরি অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, সিরাজগঞ্জ শাখায় পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং ১-২১০৮-০০০০-২০৩১ এ ক্রমিক নং ০১ হইতে ০৬ নং পদের জন্য জমাকৃত ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং ০৭ হইতে ০৮ নং পদের জন্য জমাকৃত ৫০/-(পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়া চালানের মূল কপি (আবেদন ফরমে চালান নম্বর ও তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখসহ) প্রদান করিতে হইবে ; ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হইবে না। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/-(দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের দিতে হইবে।

০৩ । জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪ ভাদ্র, ১৪২৮/১৯ আগস্ট, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখে সর্বনিম্ন ১৮ হইতে সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪ । বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করিতে হইবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হইবে না।

০৫ । আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবেন। প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হইবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে।

০৬ । মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত প্রমাণ সহ সকল সনদপত্রের মূলকপি এবং ০১(এক) প্রস্থ সত্যায়িত ফটোকপি সঙ্গে আনিতে হইবেঃ-

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং অভিজ্ঞতার সনদ ও অন্যান্য সনদ।

(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র।

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ।

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত গ্রহণযোগ্য সনদ।

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় এর উপ-পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

(চ) ক্ষুদ্র- নৃ-গোষ্ঠীর প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৭ । সকল ছবি ও সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার পূর্বক সত্যায়ন করিতে হইবে।

০৮ । প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যেকোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০৯ । এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবে না।

১০ । নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল কোটা/সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা/ বিধি-বিধান ও সার্কুলার অনুসরণ করা হইবে।

১১ । খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

১২ । উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হইবে এবং অত্র আদালতের ওয়েব সাইটে পাওয়া যাইবে।

১৩ । নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী এ আদালতের ওয়েব সাইটে **(www.sirajganj.judiciary.org.bd)** পাওয়া যাইবে।

১৪ । অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

১৫ । প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬ । নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত/
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
১ম আদালত, সিরাজগঞ্জ।

স-২৮০৭ (১৫×৪)